বামন্দীতে আইএফআইসি ব্যাংকের উপশাখার উদ্বোধন

গাংনী উপজেলার বামন্দী বাজারে আইএফআইসি ব্যাংকের উপ-শাখার আনুষ্ঠানিক উদ্বোধন করা হয়েছে।

বুধবার দুপুর ১২টার দিকে বামন্দী বাজারের বিশ্বাস টাওয়ারের দ্বিতীয় তলায় ব্যাংকের এই উপশাখার উদ্বোধন করা হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন,আইএফআইসি ব্যাংকের কুষ্টিয়া শাখার ব্যবস্থাপক হাসানুর রহমান।

বামন্দী বাজারের স্থানীয় ব্যবসায়ি মহাম্মদ জালাল উদ্দীন প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে ফিতা কেটে ব্যাংকের উপশাখাটির উদ্বোধন করেন ।

উদ্বোধনী বিশেষ অতিথির বক্তব্য রাখেন বামন্দী বাজারের ব্যবসায়ি আব্দুল মালেক চপল বিশ্বাস, হাজী মহাম্মদ ইছার উদ্দীন।
বীর মুক্তিযাদ্ধো ও আইএফআইসি ব্যাংকের সাবেক কর্মকর্তা মতিউর রহমানের পরিচালনায়-অনুষ্ঠিত উদ্বোধনী অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন হাজী মহাম্মদ আব্দুর সাত্তার, আশরাফুল হক, বামন্দী বাজার কমিটির সভাপতি আমিরুল ইসলাম, হাজী মহাম্মদ মতিয়ার রহমান, বীর মুক্তিযোদ্ধা মোফাজ্জল হক, আশরাফুল হক, রাশিদুল ইসলাম সোহাগ, প্রভাষক রবিউল ইসলাম প্রমুখ।

মেহেরপুরে ভোক্তা অধিকারের অভিযানে ৪টি দোকানে জরিমান আদায়

অস্বাস্থ্যকর ও নোংরা পরিবেশে জিলাপি, মিষ্টি ও অন্যান্য খাদ্য পণ্য তৈরি এবং মুল্যতালিকা না রাখার অপরাধে মেহেরপুরের ৪ টি

প্রতিষ্ঠানের মালিকের কাছ থেকে ১০ হাজার টাকা জরিমানা আদায় করা হয়েছে।

আজ বুধবার (১৬ নভেম্বর) দুপুরের দিকে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর মেহেরপুর জেলা কার্যালয়ের উদ্যোগে মেহেরপুর শহরের থানা রোড ও সদর উপজেলার গোভিপুর এলাকায় এই ভ্রাম্যমাণ অভিযান পরিচালিত হয়।

মেহেরপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সজল আহমেদ এই ভ্রাম্যমাণ অভিযান পরিচালনা করেন।

অভিযানে থানা রোডের মেসার্স সায়েম মিষ্টান্ন ভান্ডারকে অস্বাস্থ্যকর ও নোংরা পরিবেশে জিলাপি, মিষ্টি ও অন্যান্য খাদ্য পণ্য তৈরি ও মুল্যতালিকা প্রদর্শন না করার অপরাধে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন-২০০৯ এর ৩৮ ও ৪৩ ধারায় ৬ হাজার, অস্বাস্থ্যকর ও নোংরাভাবে খাবার তৈরির অপরাধে একই আইনের ৪৩ ধারায় মেসার্স কালাম হোটেলকে ১ হাজার, মেয়াদ মুল্যবিহীন পণ্য বিক্রয় ও পণ্যের মুল্যতালিকা প্রদর্শন না করায় ভোক্তা অধিকার সংরক্ষণ আইনের ৩৭ ও ৩৮ ধারায় সদর উপজেলার গোবিপুরে মেসার্স ভাই ভাই স্টোরকে ২ হাজার ও নিত্য প্রয়োজনীয় পণ্যের মুল্য প্রদর্শন না করায় ৩৮ ধারায় মেসার্স রাজন স্টোরকে ১ হাজার টাকাসহ ৪ টি প্রতিষ্ঠানকে ১০ হাজার টাকা জরিমানা করা হয়।

এসময় সদর উপজেলা স্যানিটারি ইন্সপেক্টর মোঃ তারিকুল ইসলাম ও মেহেরপুর পুলিশ লাইনের একটি টিম তাকে সহযোগীতা করেন।

অন্য দেশের রাষ্ট্রদূতদের অভ্যন্তরিন বিষয়ে নাক গলানোকে ভাল ভাবে দেখছিনা –কৃষি

মন্ত্রী ড. আব্দুর রাজ্জাক

কৃষি মন্ত্রী ড. আব্দুর রাজ্জাক বলেছেন, জাপান বা কোন রাষ্ট্রদূতই বাংলাদেশের অভ্যন্তরিন বিষয়ে নাক গলাবে বা কথা বলবে আমরা মেনে নেতে পারছি না।। তাদের শতর্ক করা হবে। বাংলাদেশ স্বাধীন সার্বভোম রাষ্ট, কারোর কাছে পদানত হওয়া, দেশের আত্মমর্যাদার প্রশ্নে আমরা কাউকেই ছাড় দেবোনা।

আজ বুধবার সকালে ঐতিহাসিক মুজিবনগর কমপ্লেক্স অবস্থিত মহান মুক্তিযুদ্ধের স্মৃতি বিজড়িত আম্রকাননের সার্বিক পরিচর্যা কার্যক্রমের উদ্বোধন শেষে সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের জবাবে কৃষিমন্ত্রী ড. আব্দুর রাজ্জাক এসব কথা বলেন।

তিনি বলেন, বিএনপি ২০১৩ ও ২০১৪ সালে আন্দোলন করেছে। তারা যতই আন্দোলন সংগ্রাম করুক আমরা তাদের সেই আন্দোলন মোকাবেলা করেই এই পর্যায়ে এসেছি। আগামীতেও তাদের আন্দোলনে আমরা রাজনৈতিকভাবে মোকাবিলা করবো।
ড. রাজ্জাক বলেন, আগামীতে বাংলাদেশে একটি অবাধ, সুষ্ঠ, সুন্দর ও স্বচ্ছ নির্বাচন অনুষ্ঠিত হবে। সারা পৃথিবীর সবার কাছে সেই নির্বাচন গ্রহণযোগ্য হবে। সংবিধানের অনুচ্ছেদের ১২৬ এ স্পষ্টভাবে বলা আছে নির্বাচন পরিচালনা করবে নির্বাচন কমিশন। তাকে সহযোগীতা করবে ডিসি, এসপিসহ সরকারের সব শাখা। নির্বাচন অনুষ্ঠান করা নির্বাচন কমিশনের নৈতিক দায়িত্ব ।

তিনি বলেন, আমাদের দূর্ভিক্ষ হওয়ার কোনো সুযোগ নেই। মানুষ বেড়েছে, জমি বাড়েনি। মানুষ বেড়ে এখন ১৭ কোটি হয়েছে। তাই একটু কষ্ট হতে পারে। আমাদের দেশের কৃষকরা অনেক সংগ্রামী ও পরিশ্রমি। তারা ধান লাগিয়েছে। এই বছরে প্রথম দিকে বৃষ্টিপাত না হলেও পরে বৃাষ্টপাত হয়েছে। ধানের ফলনও ভাল হয়েছে। তবে, বৃষ্টিপাত না হওয়ার কারণে, নিচু এলাকাগুলোতেও ধান চাষ হয়েছে। আমাদের ফলন এবং উৎপাদন বেড়েছে।

ডলার সংকট প্রসঙ্গে তিনি বলেন, ডলার সংকট এখন আন্তর্জাতিক সংকট। সারা পৃথিবী ব্যাপি ডলার সংকট দেখা দিয়েছে। ইংল্যান্ডের মত দেশের অর্থনীতি ডলারের উপর নির্ভরশীল। সেখানেও এখন ডলার সংকট। আমরা তো গরীব দেশ। এই সংকট কাটিয়ে উঠতে সরকারের আন্তরিকতার কোনো অভাব নেই। বর্তমান সরকার চেষ্টা করছে এই ডলার সংকট কাটিয়ে ওঠার।

মুক্তিযুদ্ধ ও মুজিবনগর প্রসঙ্গে কৃষি মন্ত্রী বলেন, এদেশের রিকসাওয়ালা, ভ্যানওয়ালা, কৃষক শ্রমিকরা মুক্তিযুদ্ধে গিয়েছিল। জীবন বাজি রেখে তারা পাক বাহিনীর সাথে যুদ্ধ করেছে। ১৯৭১ সালের ১৭ এপ্রিল বঙ্গবন্ধুর আহবানে এই মুজিবনগরে বাংলাদেশের স্বাধীনতা, মুক্তিযুদ্ধ ও সার্বভৌমত্ব রক্ষার জন্য অস্থায়ী সরকার গঠিত হয়েছিল। এটি আমাদের মুক্তিযুদ্ধের চেতনা কে আরো সুদৃঢ় করেছে। যতদিন দেশ থাকবে, ততদিন এই মুজিবনগর বাঙালী জাতীকে উজ্জীবিত করবে। বঙ্গবন্ধুর এই দেশকে ক্ষুধা ও দারিদ্র মুক্ত দেশ গড়ার উজ্জীবিত করবে এই মুজিবনগর। আগামী প্রজন্মের সন্তানদের যাদের মুক্তিযুদ্ধে অংশগ্রহণ করা হয়নি। তাদের কাছে মুক্তিযুদ্ধের চেতনা হবে এই মুজিবনগর।

এ সময় জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি, মেহেরপুর-২ আসনের সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন, মেহেরপুর জেলা পরিষদের চেয়ারম্যান অ্যাডভোকেট আব্দুস সালাম, মেহেরপুর জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খান, পুলিশ সুপার রাফিউল আলমসহ কৃষি মন্ত্রণালয়ের সচীব, উপসচীব,মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাস, উপজেলা কৃষি অফিসার ড. মাহফুজুর রহমান ও বিভিন্ন দফতরের কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

গাংনীর দুটি মাধ্যমিক বিদ্যালয়ের দুই সিনিয়র শিক্ষকের মৃত্যু

গাংনী উপজেলার হিজলবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয়ের বিএসসি শিক্ষক মোঃ মেহেদী হাসান ও গাঁড়াডোব মাধ্যমিক বিদ্যালয়ের সিনিয়র শিক্ষক নাসিমা খাতুন একই দিনে মারা গেছেন। (ইন্নালিল্লাহী ওয়া ইন্না এলাহী রাজিউন)

মঙ্গলবার (১৫ নভেম্বর)ঢাকার একটি বেসরকারি হাসপাতালে হিজলবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক মোঃ মেহেদী মাষ্টার সকাল ৬টায় ইন্তেকাল এবং গাঁড়াডোব মাধ্যমিক বিদ্যালয়ের সিনিয়র শিক্ষক

নাসিমা খাতুন এনাম মেডিকেল কলেজ হাসপাতালে (আইসিইউ) তে চিকিৎসাধীন অবস্হায় মারা যান ভোর রাতের দিকে।

বিএসসি শিক্ষক মেহেদী হাসান গাংনী উপজেলার হাড়াভাঙ্গা ছাদীমান মৌলানা পাড়া (বর্তমানে গাংনীতে বসবাসরত) এবং গাঁড়াডোব মাধ্যমিক বিদ্যালয়ের সিনিয়র শিক্ষক নাসিমা খাতুন তার নিজ গ্রাম গাঁড়াডোব গ্রামে বসবাস করতেন।

দুই শিক্ষকের মৃত্যুতে গাংনী উপজেলার বিভিন্ন মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকবৃন্দ শোক প্রকাশ করেছেন, এবং শোক সন্তপ্ত পরিবারের প্রতি সমবেদনা জ্ঞাপন করেছেন।

গাংনীতে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স সপ্তাহের উদ্বোধন

দুর্ঘটনা দুর্যোগ হ্রাস করি, বঙ্গবন্ধুর সোনার বাংলা গড়ি এই স্লোগানকে নিয়ে গাংনীর বামন্দীতে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স সপ্তাহের উদ্বোধনী করা হয়েছে।

মঙ্গলবার (১৫ নভেম্বর) সকালে উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ফায়ার ও ডিফেন্স সার্ভিস স্টেশনের (ভারপ্রাপ্ত) কর্মকর্তা ইসাহাক আলী বিশ্বাস।

অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখেন গাংনী উপজেলা নির্বাহী অফিসার মৌসুমী খানম। বিশেষ অতিথির বক্তব্য রাখেন গাংনী থানার অফিসার ইনচার্জ (ওসি) আব্দুর রাজ্জাক। গাংনী উপজেলা মৎস্য অফিসার খন্দকার শহিদ, এলাকার গন্যমান্য ব্যক্তি বিশিষ্ট শিল্পপতি হাজী মতিয়ার রহমার। এছাড়াও উপস্থিত ছিলেন স্থানীয় গণমান্য ব্যক্তিবর্গ।

মেহেরপুর জেলা পরিষদের নবনির্বাচিত পরিষদের মতবিনিময় সভায় –জনপ্রশাসন প্রতিমন্ত্রী

জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি বলেন, ৭৫ এ বঙ্গবন্ধুর পরিবারের মতোই ২০০৪ সালের আরেকটি আগষ্ট সৃষ্টি করে প্রধান মন্ত্রী শেখ হাসিনাসহ আওয়ামীলীগের গুরুত্বপূর্ণ ব্যক্তিদের হত্যার চেষ্টা করা হয়েছিল। শেখ হাসিনাকে হত্যার মধ্য দিয়ে আওয়ামীলীগকে নিশ্চিহৃ করতে চেয়েছিল। শেখ হাসিনা ও আওয়ামীলীগকে নিশ্চিহৃ করার মধ্য দিয়ে এদেশকে ধ্বংষ করতে চেয়েছিল।

শেখ হাসিনার নেতৃত্বে গঠিত সরকার আজ এই বাংলাদেশ বিশ্বে উন্নয়নের রোল মডেলে পরিণত হয়েছে।

মঙ্গলবার দুপুরে মেহেরপুর জেলা পরিষদের উদ্যোগে আয়োজিত মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী।

মেহেরপুর জেলা পরিষদ প্রাঙ্গণে আয়োজিত এই মতবিনিময় সভায় সভাপতিত্ব করেন নবনির্বাচিত চেয়ারম্যান অ্যাডভোকেট আব্দুস সালাম।

প্রধান অতিথির বক্তব্যে জনপ্রশাসন প্রতিমন্ত্রী আরো বলেন, ২০০১ থেকে ২০০৬ সাল পর্যন্ত জামায়াত বিএনপি সরকার এদেশকে কারাগারে পরিণত করেছিল। বিএনপি জামায়াত জোট সরকারের কাছে সার চেয়ে ১৯ জন কৃষক প্রাণ হারিয়েছেন।
মেহেরপুর জেলার মানুষও সেদিন দিনের বেলায় মাঠে কাজ করে রাত জেগে পাড়ায় পাড়ায় পাহারা বসিয়ে নিজেদের রক্ষা করতো তারা আওয়ামীলীগের নেতা কর্মীদের হাত বেধে ধরে নিয়ে এসে জুলুম নির্যাতন চালাতো।

সারা বাংলাদেশে একযোগে আদালতে বোমা হামলা, যশোরে উদীচির অনুষ্ঠানে সিনেমা হলে, রমনা পার্কের বৈশাখির অনুষ্ঠানে বোমা

হামলা চালিয়েছিল। আওয়ামীলীগের সমাবেশে বোমা হামলা চালিয়ে তারা বলেছিল শেখ হাসিনা ভ্যানিটি ব্যাগে করে গ্রেনেড নিয়ে এসে নিজেই বিস্ফোরণ ঘটিয়েছে।

ঢাকায় সমাবেশ ডেকে মতিউর রহমান নিজামী আর মুজাহিদের ব্যাঙ্গাত্বক হাসি হেঁসে বলেছিল আওয়ামীলীগের অন্তর্দ্বন্দে বোমার বিস্ফোরণ ঘটেছে।

তিনি বলেন, আওয়ামীলীগ পরপর তিনবার রাষ্ট্রিয় ক্ষমতায় আসার পরেও শেখ হাসিনা সেই বোমা হামলার প্রতিশোধ নিতে বলেননি। আওয়ামীলীগ ক্ষমতায় থাকলেও বিএনপির কোনো কর্মসূচীতে নিষ্ঠুরভাবে গ্রেনেড হামলার মত কোনো ঘটনা ঘটানো হয়নি।

ফরহাদ হোসেন বলেন, কে আপনাকে ভোট দিলো কে দিলোনা, এটা না ভেবে দেশের উন্নয়নে সকলকে সাথে নিয়ে কাজ করবেন।

জেলার উন্নয়ন তুলে ধরে প্রতিমন্ত্রী বলেন, মেহেরপুর এখন সারা বাংলাদেশের উন্নয়নের অনন্য জনপদ। মেহেরপুরে ৫৯ কিলো ভৈরব নদ খনন, মুজিবনগর বিশ্ববিদ্যালয়, চেকপোষ্ট, বেতার স্টেশন, রেল লাইনের অনুমোদন, ৬৫৩ কোটি টাকা ব্যায়ে মেহেরপুর-কুষ্টিয়া রাস্তা নির্মাণ, মেহেরপুর আবহাওয়া অফিস, শেখ কামাল আইটি ট্রেনিং এন্ড এ্যাক্◌্রিবিশন সেন্টার, টিটিসি নির্মাণসহ বিভিন্ন স্কুল কলেজ মাদ্রাসার সুরম্য ভবণ নির্মাণসহ সদর ও মুজিবনগরের বিভিন্ন রাস্তাঘাট নির্মাণের জন্য এলজিইডির আওতায় ৪৬৮ কোটি টাকা ব্যায়ে উন্নয়ন হয়েছে।

বিশেষ অতিথির বক্তব্যে মেহেরপুর-২ আসনের জাতীয় সংসদ সদস্য ও মেহেরপুর-২ আসনের জাতীয় সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন বলেন জননেত্রী শেখ হাসিনার নেতৃত্বে বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা গড়ে তুলতে শেখ হাসিনা দিনরাত পরিশ্রম করে যাচ্ছেন। আওয়ামীলীগের নেতাকর্মীদের ঐক্যবদ্ধভাবে প্রতিটি অঞ্চলের মানুষের দারপ্রান্তে পৌছে যেতে নির্দেশ দিয়েছেন।

এমপি খোকন বলেন, শেখ হাসিনার দেওয়া প্রতিটি কথা অক্ষরে অক্ষরে পালন করছেন। এই দেশকে একটি উন্নত বাংলাদেশ গড়ার স্বপ্ন দেখিয়েছেন তিনি। সেটি আজ বাস্তবায়ন হয়েছে। গ্রাম আজ শহরে রুপান্তরিত হয়েছে। তাই আগামী ২০২৪ সালের নির্বাচনেও আওয়ামীলীগ ঐক্যবদ্ধ থেকে নেতা কর্মীদের মধ্যে ভেদাভেদ ভুলে জেলার ২ টি আসন শেখ হাসিনাকে উপহার দিতে হবে।

ব্যক্তিগত চাওয়ার পাওয়ার উর্দ্ধে থেকে জাতীয় স্বার্থকে প্রাধান্য দিয়ে শেখ হাসিনার প্রতিটি নির্দেশ অক্ষরে অক্ষরে পালন করতে হবে।

তিনি বলেন, শেখ হাসিনা ক্ষমতায় না আসলে কি হবে সেটা আপনারা ২০০১ সালের দিকে তাকালে দেখতে পাবেন। আমরা ২০০১ সালে ফিরে যেতে চাইনা। শেখ হাসনিার উন্নয়নের জয়যাত্রাকে আরো বেগবান করতে হবে। মুক্তিযুদ্ধের চেতনা এবং জাতির জনকের স্বপ্নের সোনার বাংলা এদেশের অসহায় মানুষের মুখে হাসি ফোটানো, গৃহহীণদের গৃহ প্রদান, মেঠোপথগুলোকে পিচঢালা পথে রুপান্তর করা, শিক্ষাঙ্গনকে সাজিয়ে তোলা।

প্রতিটি ইউনিয়নে পাড়ায় মহল্লাতে আওয়ামীলীগকে সুসংগঠিত করে দূর্গ গড়ে তুলতে হবে। যেনো স্বাধীনতা বিরোধী এবং আন্তর্জাতিক চক্রান্তের দালালরা মাথা চাড়া দিয়ে উঠতে না পারে।

মতবিনিময় সভায় অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন, মেহেরপুর জেলা আওয়ামীলীগের উপদেষ্টা ও সাবেক সভাপতি হিসাব উদ্দীন মিয়া, জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক ও গাংনী উপজেলা চেয়ারম্যান এমএ খালেক, সহ সভাপতি ও সদর উপজেলা চেয়ারম্যান অ্যাডভোকেট ইয়ারুল ইসলাম, জেলা আওয়ামীলীগের সহসভাপতি আব্দুস সামাদ বাবলু বিশ্বাস, জেলা পরিষদ সদস্য কেন্দ্রীয় মহিলা আওয়ামীলীগের সদস্য শামীম আরা হিরা, মেহেরপুর পৌরসভার মেয়র মাহফুজুর রহমান রিটন, গাংনী পৌরসভার মেয়র আহম্মেদ আলী প্রমুখ।

মতবিনিময় সভায় আরো উপস্থিত ছিলেন, সাবেক সংসদ সদস্য মকবুল হোসেন, মুজিবনগর উপজেলা পরিষদের চেয়ারম্যান জিয়াউদ্দিন বিশ্বাস, মেহেরপুর জজকোর্টের পাবলিক প্রসিকিউটর (পিপি) অ্যাডভোকেট পল্লব ভট্টাচার্য, গাংনী পৌরসভার সাবেক মেয়র আশরাফুল ইসলাম, জেলা পরিষদের নবনির্বাচিত সদস্য ইমতিয়াজ হোসেন মিরন, আজিমুল বারী, শাহানা ইসলাম শান্তনা, মিজানুর রহমান, সদর উপজেলা আওয়ামী লীগের সভাপতি বোরহান উদ্দিন আহমেদ চুন্নুসহ বিভিন্ন ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মেম্বর, আওয়ামী লীগ ও অঙ্গ সংগঠনের নেতৃবৃন্দ।

জাতির পিতা বঙ্গবন্ধুর ম্যুরালে পুস্পমাল্য অর্পণ

বাংলাদেশে স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ম্যুরালে পুষ্পমাল্য অর্পণ করেছেন মেহেরপুর জেলা পরিষদের নবনির্বাচিত চেয়ারম্যান অ্যাডভোকেট আব্দুস সালাম।

মেহেরপুর-১ আসনের এমপি ও জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেনও পৃথকভাবে বঙ্গবন্ধুর ম্যুরালে পুম্পমাল্য অর্পণ করেন।

মঙ্গলবার দুপুরে জেলা পরিষদের সামনে স্থাপিত বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ম্যুরালে পুষ্পমাল্য অর্পণ করে শ্রদ্ধা নিবেদন করেন তারা।

উপস্থিত ছিলেন জেলা প্রশাসক ড.মোহাম্মদ মুনসুর আলম খান, পুলিশ সুপার মোঃ রাফিউল আলম মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আব্দুল খালেক নবনির্বাচিত সদস্য মিজানুর রহমান, ইমতিয়াজ হোসেন মিরন, আজিমুল বারী, শামীম আরা হীরা, শাহানা ইসলাম শান্তনা।

মুজিবনগরে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স সপ্তাহ উদ্বোধন

দুর্ঘটনা-দুর্যোগ হ্রাস করি, বঙ্গবন্ধুর সোনার বাংলা গড়ি’ এই প্রতিপাদ্য নিয়ে মেহেরপুরের মুজিবনগরে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স সপ্তাহের উদ্বোধন করা হয়েছে।

মুজিবনগর ফায়ার সার্ভিস স্টেশনে মঙ্গলবার বেলা সাড়ে ১১ টার সময় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স সপ্তাহ ২০২২ এর উদ্বোধন করেন উপজেলা নির্বাহী কর্মকর্তা অনিমেষ বিশ্বাস।

“ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স সপ্তাহ-২০২২” ১৫ নভেম্বর ২০২২ হতে ১৭ নভেম্বর ২০২২ পর্যন্ত চলবে। মুজিবনগর ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের

ভারপ্রাপ্ত স্টেশন অফিসার শাহজাহান আলী বলেন ‘মুজিবনগর ফায়ার সার্ভিস স্টেশন সম্পর্কে মানুষের ধারণা বাড়ানো এবং মানুষ যাতে সহজে সেবা নিজে নিতে পারে সেজন্য সপ্তাহ ব্যাপি তারা তাদের অগ্নি নির্বাপক যানবাহন গুলো রয়েছে সেগুলো নিয়ে উপজেলাতে বিভিন্ন স্কুল জনসমাগম স্থলে অগ্নি নির্বাপক মহড়া পরিচালনা করবেন।সাথে দ্রুত সাধারণ মানুষ যাতে যোগাযোগ করতে পারে সে জন্যে তিনি বলেন ছোট হোক বড় হোক যে কোনো দুর্ঘটনা বা অগ্নিকাণ্ডে ২৪ ঘন্টা জরুরি সেবা পেতে ফায়ার সার্ভিস এর হটলাইনে 016163 কল করুন।

অথবা মুজিবনগর ফায়ার সার্ভিস এর নিজস্ব মোবাইল নম্বর 01734-314181 এ কল করার জন্য বলেন। মুজিবনগর ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন অফিসার (ভারপ্রাপ্ত) শাহজাহান আলীর সভাপতিত্বে, উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাস, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিভিন্ন নগর থানা অফিসার ইনচার্জ মেহেদি রাসেল।

ক্লান্ত গৃহস্ত মহিষের পিঠে চড়েই বাড়ি ফিরছেন

মেঠো পথ ধরে মহিষের পিঠে বসেই নির্ভাবনায় গৃহস্ত মাঠ থেকে বাড়ি ফেরা গ্রাম বাংলার এক চিরচেনা রুপ।

মাঠ থেকে সারাদিন মহিষ চরানোর পর কৃষক যখন ভূখা ও ক্লান্ত হয়ে পড়েন।সারাদিন মাঠের তৃণ লতা ভক্ষণ করে মহিষগুলো তখন সতেজ হয়ে ওঠে।

মহিষ যেনো নিজের পিঠে করে ভূখা ও ক্লান্ত গৃহস্ত বাড়ি ফিরিয়ে আনার দায়ীত্ব বহন করে।এমনি এক চিরচেনা রুপ দেখা গেলো মেহেরপুর-

কুষ্টিয়া সড়কের গাংনী উপজেলার ওলিনগর গ্রামের মধ্যে। মহিষ চরানোর পর ক্লান্ত গৃহস্ত আফিল উদ্দীন এভাবেই মহিষের পিঠে চড়ে বাড়ি ফিরছিলেন।

ছবি ও ক্যাপশন জুলফিকার আলী কানন

মেহেরপুর আমঝুপিতে জাতীয় সমবায় দিবস উদযাপন

“বঙ্গবন্ধুর দর্শন সমবায়ে উন্নয়ন” প্রতিপাদ্য বিষয়ের উপর জাতীয় সমবায় দিবস ২০২২ইং উদযাপন উপলক্ষে আমঝুপি মউক হলরুমে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

এএলআরডি এর সহযোগিতায় মানব উন্নয়ন কেন্দ্র মউক সোমবার সকাল ১০ টার দিকে এ সভার আয়োজন করে।

মউক এর নির্বাহী প্রধান আশাদুজ্জামান সেলিমের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন মেহেরপুর জেলা মহিলা বিষয়ক অধিদপ্তরের উপ-পরিচালক (ভারপ্রাপ্ত) নীলা হাফিয়া। বিশেষ অতিথি ছিলেন মেহেরপুর সদর উপজেলার সমাজসেবা অফিসার মোঃ আনিছুর রহমান।

স্বাগত বক্তব্য রাখেন প্রকল্পের এ্যানিমেটর সাহিনুর রহমান সভায় সমবায় গঠন এর লক্ষ উদ্দেশ্য আদর্শ ফলাফল প্রান্তিক জনগোষ্ঠীর সমবায়ের সুযোগ সুবিধাসহ সরকারী সেবা বিভাগের সাথে সেবা গ্রহিতাদের সেতুবন্ধ নিয়ে বিশাদ আলোচনা করা হয়।

এসময় এলাকার বিভিন্ন সমবায় দলের প্রতিনিধি গণ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানটি উপস্থাপনা করেন সাদ আহম্মেদ মানবাধিকার কর্মী।